দৈনিক
ইত্তেফাক
তারিখ 13 DEC 2017
পৃষ্ঠা ...১৬... কলাম ...১-৪...

# প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে বদলে দিতে পারে স্মার্ট ক্লাসরুম

■ রাজাপুর (ঝালকাঠী) সংবাদদাতা

রাজাপুরের ২নং সাতুরিয়া সরকার প্রাথমিক বিদ্যালয়ে স্মার্ট ক্লাসরুম উদ্বোধন করা হয়েছে। আর এ স্মার্ট ক্লাসরুম বদলে দিতে পারে উপজেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে। সোমবার বিদ্যালয়ের হলরুমে উপজেলা পরিষদ চেয়ারম্যান অধ্যক্ষ মনিরুজ্জামান উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আফরোজা বেগম পারুলের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা আক্তার লাইজু ও সাতুরিয়া ইউপি চেয়ারম্যান ছিদ্দিকুর রহমান। আধুনিক প্রযুক্তি অর্থাৎ বিভিন্ন ধরনের হার্ডওয়্যার এবং সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে ইন্টারনেটভিত্তিক ক্লাসরুম যেখানে বিদ্যালয়ের সকল শিক্ষার্থী সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীরা এর ফলে পুরো দুনিয়ার উন্নত দেশের শিক্ষার্থীদের মতো একই মানের শিক্ষা গ্রহণ করতে সক্ষম হবে। বইয়ের শুকনো লেখা পড়ে যতটা না শেখা যায় তার থেকে দ্রুত ভালোভাবে শেখা যায় যদি পড়াশোনা অনেক বেশি হাতে-কলমে হয়। স্মার্ট ক্লাসরুমে শিক্ষার্থীরা সারাক্ষণ পড়ালেখার আধুনিক উপকরণগুলোর সঙ্গে তাদের চোখের সামনে ফলাফল দেখতে পারবে। যার ফলে বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা হবে অনেক বেশি প্রায়োগিক এবং আনন্দদায়ক এবং রাজাপুর উপজেলার শিক্ষার্থীরা বিশ্বের সকল প্রান্তের শিক্ষার্থীদের সঙ্গে প্রতিযোগিতার জন্য প্রস্তুত হবে।




রাজাপুর (ঝালকাঠী) : স্মার্ট ক্লাসরুমের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিবৃন্দ —ইত্তেফাক